অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 7/7/2025 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল 2025 গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের প্রবেশ টিকেট এবং পার্কিং ভাউচারের বিক্রি আজকে, 7 জুলাই থেকে শুরু হওয়ার ঘোষণা করলেন

গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার 20 আগস্ট, বুধবার শুরু হবে এবং 1 সেপ্টেম্বর, লেবার ডে পর্যন্ত চলবে

গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার নিউ ইয়র্কবাসীদেরকে এই গ্রীষ্মকালে অফলাইনে যাওয়ার এবং ঘরের বাইরে যাওয়ার একটি পরিবারবান্ধব, সাশ্রয়ী উপায় দেয়

ডেইলি পাস পাওয়া যাচ্ছে এবং মেলার সুপারফ্যানদের জন্য ফ্রিকুয়েন্ট ফেয়ারগোয়ার অপশন ফেরত আসছে

ডাউনটাউন ট্রানজিট হাব, Long Branch Park, এবং Destiny USA থেকে মেলা পর্যন্ত সেন্ট্রোর পার্ক-এন-রাইড ডিরেক্ট শাটল ফেরত আসছে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজকে ঘোষণা করেছেন যে 2025 গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের (Great New York State Fair) প্রবেশ এবং পার্কিংয়ের জন্য আজকে থেকে বিক্রি শুরু হয়েছে। অনেক লাভজনক একটি সিঙ্গেল প্রবেশ টিকেটের দাম 8 মার্কিন ডলার এবং এতে Chevrolet মিউজিক সিরিজসহ গ্রাউন্ডের সকল বিনোদনের অ্যাক্সেস রয়েছে, এবং পার্কিংয়ের খরচ 12 মার্কিন ডলার। এর সাথে 25 মার্কিন ডলারে একটি ফ্রিকুয়েন্ট ফেয়ারগোয়ার (Frequent Fairgoer) টিকেটের অপশন আছে। 65 বছর এবং তার বেশি বয়সী ব্যক্তি এবং 12 বছর এবং তার কম বয়সী শিশুদের জন্য বিনামূল্যে প্রবেশের সুযোগ থাকছে, যা নিশ্চিত করে চলেছে যাতে ফেয়ার দেশের সবথেকে সাশ্রয়ী মেলাগুলির একটি হতে পারে, এটি পুরো পরিবারের জন্য অফলাইনে যাওয়া এবং ঘরের বাইরে যাওয়ার একটি অ্যাক্সেসিবল স্থান দিচ্ছে।

ফেয়ারের 13 দিনের মধ্যে কমপক্ষে চারদিন যাওয়ার পরিকল্পনা করছেন এমন সুপারফ্যানদের জন্য ফ্রিকুয়েন্ট ফেয়ারগোয়ার অপশনটি এবারও টিকেট ধারণকারীদেরকে ফেয়ারের প্রতিদিন, দিনে একবার করে প্রবেশ করতে দিবে। ফ্রিকুয়েন্ট ফেয়ারগোয়ার টিকেটটি অন্য কাউকে দেওয়া যাবে না এবং এটি শুধু অনলাইনে পাওয়া যাবে।

"গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার হলো বহু পুরোনো একটি ঐতিহ্য এবং নিউ ইয়র্ক স্টেটে আমাদের গ্রীষ্মকালের একটি ভিত্তি," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "মজা করার জন্য মানুষকে

অনেক অর্থ খরচ করতে হওয়া উচিত না। আজকে থেকে এই সাশ্রয়ী, পরিবারবান্ধব ইভেন্টের টিকেট বিক্রি শুরু হয়েছে। নিউ ইয়র্কবাসীরা, আপনাদের টিকেট আজকেই কিনুন এবং এই গ্রীষ্মকালে ফেয়ারে আপনাদের সাথে দেখা হবে!"

নিউ ইয়র্ক স্টেটের কৃষি কমিশনার Richard A. Ball (রিচার্ড এ বল) বলেন, "গ্রীষ্মকালের অর্থ একটিই, এটি গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের সময়! এখনই টিকেট কেনার জন্য এবং নিজেদের ভ্রমণের পরিকল্পনা করার জন্য আমি সবাইকে উৎসাহিত করছি যাতে তারা নিউ ইয়র্কের কৃষি সম্পর্কে জানতে পারেন, কিছু মজাদার খাবার খেয়ে দেখতে পারেন, দুর্দান্ত কিছু বিনোদন উপভোগ করতে পারেন, এবং আরো অনেক কিছু করতে পারেন।"

নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের ডিরেক্টর Julie LaFave (জুলি লাফেভ) বলেন, "2025 গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের আর মাত্র 43 দিন বাকি আছে, তাই ভুলে যাওয়া যায় না এমন গ্রীষ্মকালের একটি (বা 13!) দিনের পরিকল্পনা শুরু করার এখনই সময়। প্রাণী থেকে শুরু করে কয়েকশত বাণিজ্যিক আকর্ষণ, অনেক অনেক মিডওয়ে রাইড, এবং কয়েক ডজন বড় নামের বিনোদন প্রদানকারীদের নিয়ে ফেয়ারে পুরো পরিবারের জন্য কিছু না কিছু রয়েছে এবং এখানে অনেক দারুণ স্মৃতি অপেক্ষা করছে। যারা মেলায় যাবেন তাদেরকে গ্রাউন্ডে যাওয়ার আগেই নিজেদের টিকেট ও পার্কিংয়ের ব্যবস্থা করার জন্য আমরা দৃঢ়ভাবে উৎসাহিত করছি। প্রতিদিন ফেয়ারগ্রাউন্ডের এলাকায় 100,000-এর কাছাকাছি মানুষ থাকবেন, তাই আগে থেকে কিনে রাখলে লাইন কম হবে এবং নিশ্চিত করা যাবে যাতে মেলায় আসা ব্যক্তিরা যত দ্রুত সম্ভব গেট দিয়ে ঢুকতে পারছেন এবং ফেয়ারের সকল মজার অভিজ্ঞতা নিতে পারছেন! আমাদের ফেয়ারের পরিবার থেকে আপনার পরিবারকে বলছি, আমরা শীঘ্রই আপনার সাথে দেখা করার জন্য অধীর আগ্রহে অপেক্ষা করছি!"

ফেয়ারে প্রবেশের সাথে থাকছে Chevrolet মিউজিক সিরিজে কয়েক ডজন জাতীয় রেকর্ডিং অ্যাক্ট দেখার সুযোগ, যার মধ্যে গ্র্যামি (Grammy) বিজয়ী, রক অ্যান্ড রোল হল অফ ফেমের (Rock and Roll Hall of Fame) পারফর্মার, এবং আরো অনেকেই থাকবেন। **Chevy Court**-এ(গেট 1-এর কাছে অবস্থিত) প্রতিদিন দুপুর 1:00টা এবং সন্ধ্যা 6:00টায় কনসার্ট হবে এবং শুক্রবার রাতে রাত 9:00টায় একটি বাড়তি শো হবে, এবং সেই সাথে **Suburban Park**-এ (মিডওয়ে পার হয়ে ফেয়ারগ্রাউন্ডের পশ্চিম প্রান্তে অবস্থিত) প্রতিদিন রাত 8:00টায় কনসার্ট হবে।
ফেয়ারের ওয়েবসাইটে শেভি কোর্ট এবং সুবার্বান পার্কের জন্য নিবেদিত পেজে সর্বশেষ কনসার্টের সময়সূচি উপলভ্য আছে।

কীভাবে গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের টিকেট এবং পার্কিং কিনতে হবে
প্রবেশের টিকেট এবং/অথবা পার্কিং কেনার তিনটি উপায় আছে: অনলাইনে, ফোনে, এবং 20 আগস্ট থেকে 1 সেপ্টেম্বর পর্যন্ত মেলায় গিয়ে।

- **অনলাইনে:** প্রবেশের টিকেট এবং পার্কিংয়ের টিকেট কেনার লিংকটি **7 জুলাই, সোমবার, সকাল 9:00টা থেকে** গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ারের ওয়েবসাইটে পাওয়া যাবে।

- **ফোনে:** 7 জুলাই থেকে, সোমবার থেকে শনিবার, সকাল 9:00টা থেকে রাত 8:00টা পর্যন্ত, এবং রবিবার দুপুর 12:00টা থেকে রাত 8:00টা পর্যন্ত Etix-এর টোলমুক্ত নম্বর 1-800-514-3849-এ ফোন করে ফোনের মাধ্যমে টিকেট এবং পার্কিং কেনা যাবে।
- **গেটে:** 20 আগস্ট, বুধবার থেকে সকল গেটে কিয়স্ক বসানো হবে যেখান থেকে ইলেক্ট্রনিক টিকেট কেনা যাবে। কিয়স্কে অপেক্ষার লাইন কম করার জন্য, সকল প্রবেশপথে এবং পার্কিং লটে QR কোডসহ বড় সাইন বসানো হবে যাতে যারা মেলায় যাবেন তারা নিজেদের স্মার্টফোন ব্যবহার করে টিকেট কিনতে পারেন।

ফিসসহ, যারা মেলায় যাবেন তাদের **মোট খরচ** হবে:

- **প্রবেশ:** প্রতি টিকেটের জন্য 8.32 মার্কিন ডলার (8 মার্কিন ডলার প্রবেশ, টিকেট ফি 14 সেন্ট, ক্রেডিট কার্ডের প্রসেসিং ফি 18 সেন্ট)।
- **ফ্রিকুয়েন্ট ফেয়ারগোয়ার:** 25.70 মার্কিন ডলার (25 মার্কিন ডলার ফ্রিকুয়েন্ট ফেয়ারগোয়ার পাস, টিকেট ফি 14 সেন্ট, ক্রেডিট কার্ডের প্রসেসিং ফি 56 সেন্ট; খেয়াল করুন যে ফ্রিকুয়েন্ট ফেয়ারগোয়ার পাস শুধু অনলাইনেই কেনা যাবে)।
- **পার্কিং:** প্রতি যানবাহনের জন্য 12.41 মার্কিন ডলার (12 মার্কিন ডলার পার্কিং, টিকেট ফি 14 সেন্ট, ক্রেডিট কার্ডের প্রসেসিং ফি 27 সেন্ট)।

ফেয়ারে আসার পর, চালকদেরকে অবশ্যই লটের অ্যাটেন্ডেন্টদের কাছে তাদের ফোনে ইলেক্ট্রনিকভাবে বা প্রিন্ট করা কপির মাধ্যমে তাদের পার্কিং টিকেট দেখাতে হবে। অনুগ্রহ করে খেয়াল রাখবেন যে এই বছর পার্কিংয়ের জন্য **EZPass Plus একটি অপশন না**। লটে ক্রেডিট কার্ড দিয়ে পার্কিং পাস কেনা যেতে পারে। খেয়াল রাখবেন যে নগদ অর্থ গ্রহণ করা হবে না।

ফেয়ারের প্রবেশ পথে বা পার্কিং লটে **নগদ অর্থে কোনো বিক্রি** করা হবে না। মেলায় আসা যে ব্যক্তিরা গ্রাউন্ডে নগদ নিয়ে আসবেন তাদের জন্য ফেয়ারের মেইন গেটে নগদকে ব্যবহারযোগ্য কার্ডে পরিবর্তন করার মেশিন থাকবে।

খোলা থাকার সময়

গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার শুরু হবে 20 আগস্ট, বুধবার এবং তা 1 সেপ্টেম্বর, লেবার ডে (Labor Day) পর্যন্ত চলবে। ফেয়ার খোলা থাকার সময় হবে প্রতিদিন সকাল 9:00টা থেকে রাত 11:00টা পর্যন্ত, লেবার ডে-এর দিন বাদে, সেদিন ফেয়ার রাত 9:00টায় বন্ধ হবে। জনগণের জন্য গেট খুলে দেওয়া হবে সকাল 9:00টায় এবং তা রাত 9:00টায় বন্ধ হবে, 4 সেপ্টেম্বর, সোমবার [sic], লেবার ডে-এর দিন বাদে, সেদিন রাত 8:00টার পর কাউকে ঢুকতে দেওয়া হবে না।

পার্কিংয়ের সময়: অরেঞ্জ পার্কিং লট প্রতিদিন সকাল 9:00টায় খুলবে, এবং ব্রাউন এবং পিঙ্ক লট প্রতিদিন সকাল 6:00টায় খুলবে, গ্রে লট খুলবে প্রতিদিন সকাল 8:30টায়। Willis Ave-এর পার্কিং লট খুলবে সকাল 10:00টায়, কিন্তু এটি শুধু শুক্রবার, শনিবার, রবিবার, এবং লেবার ডে-এর দিন অ্যাক্সেসিবল হবে।

ট্রাম: মেলায় যাওয়া ব্যক্তিদের সুবিধার কারণে ফেয়ারগ্রাউন্ডে অনবরত ট্রাম চলবে, তা প্রতিদিন সকাল 9:00টা থেকে রাত 10:00টা পর্যন্ত 10টি স্টপে থামবে। এছাড়াও, গেট 10-এর বাইরে অবস্থিত গ্রে অ্যাক্সেসিবল পার্কিং লট থেকে Horticulture Building-এর পেছনের প্রবেশপথের

ট্রাম স্টপ #3 পর্যন্ত একটি **নিবেদিত ADA শাটল** চলবে, প্রতিদিন সকাল 9:00টা থেকে রাত 11:00টা পর্যন্ত।
** খেয়াল করুন যে, 1 সেপ্টেম্বর, সোমবার, ট্রামগুলি এক ঘণ্টা আগে চলা বন্ধ করে দিবে।*

মেলায় যাওয়া আসার জন্য সেন্ট্রোর পার্ক-এন-রাইড ডিরেক্ট শাটল সার্ভিস
সেন্ট্রোর (Centro) পার্ক-এন-রাইড (Park-N-Ride) ডিরেক্ট শাটল সার্ভিস যাত্রীদেরকে সেন্ট্রো ট্রানজিট হাব ডাউনটাউন (Centro Transit Hub Downtown), Long Branch Park এবং Destiny USA থেকে ফেয়ারগ্রাউন্ডে যাওয়া আসা করার জন্য পরিবহনের ব্যবস্থা করে দিবে এবং মেইন গেটের বামদিকে ড্রপ-অফ এবং পিক-আপ পয়েন্ট থাকবে। শাটলে একবার যাত্রা করার জন্য, প্রাপ্তবয়স্কদের ফি হচ্ছে 1 মার্কিন ডলার, এবং বয়স্ক নাগরিক, ছয় থেকে নয় বছর বয়সের শিশু, এবং ডিজেবিলিটিসহ মানুষের জন্য তা 50 সেন্ট। প্রতিদিন রাত 11:15টায় শেষ শাটলটি ফেয়ারগ্রাউন্ড ছেড়ে যাবে। 1 সেপ্টেম্বর শাটল রাত 9:00টার পর সীমিত সময়সূচিতে চলবে যেহেতু সেদিন মেলা আগে বন্ধ হয়ে যাবে।

WADE SHOWS-এর মিডওয়ে: টিকেট বিক্রি শুরু শীঘ্রই
Wade Shows-এর পরিচালনা করা ফেয়ারের বিখ্যাত মিডওয়ের টিকেট আগামী সপ্তাহগুলিতে বিক্রি শুরু হবে। ফেয়ারের সোশ্যাল মিডিয়া এবং ওয়েবসাইটের উপর নজর রাখুন এবং এই টিকেটগুলি কখন কেনা যাবে তা সম্পর্কে সবার প্রথমে জানুন।

গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার সম্পর্কে
1841 সালে প্রতিষ্ঠিত গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার নিউ ইয়র্কের কৃষির সেরা সবকিছুর প্রদর্শন করে, শীর্ষ মানের বিনোদন প্রদান করে এবং এবং এটি পর্যটনের মাধ্যমে সেন্ট্রাল নিউ ইয়র্কের অর্থনীতির প্রবৃদ্ধি করার জন্য স্টেটের CNY রাইজিং (CNY Rising) কৌশলের একটি মুখ্য অংশ। এটি মার্কিন যুক্তরাষ্ট্রের সবথেকে পুরোনো ফেয়ার এবং এটিকে সেরা পাঁচ স্টেট ফেয়ার হিসেবে ধারাবাহিকভাবে স্বীকৃতি প্রদান করা হচ্ছে।

নিউ ইয়র্ক স্টেটের ফেয়ারগ্রাউন্ডস একটি 375 একরের প্রদর্শনী এবং বিনোদন কমপ্লেক্স যা সারা বছর খোলা থাকে। অনলাইনে গ্রেট নিউ ইয়র্ক স্টেট ফেয়ার সম্পর্কে আরো জানার জন্য, Flickr-এ ছবি দেখার জন্য, এবং Facebook, X (আগের Twitter), এবং Instagram-এ এই মজাকে ফলো করার জন্য দর্শকদেরকে উৎসাহিত করা হচ্ছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন